

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA  
Date: 10-09-2025  
Time: 07:55-08:05 PM Hrs  
BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

- (১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, ভারতীয় ন্যায় সংহিতা, ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা এবং ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম ২০২৩ এই নতুন তিন আইন কার্যকরের ফলে বিচার প্রক্রিয়া দ্রুত ও সহজতর হচ্ছে।
- (২) কৃষিমন্ত্রী রতনলাল নাথ জানিয়েছেন, রাজ্য সরকার আগর চাষকে “কৃষি-বনায়নের” অন্তর্ভুক্ত করার পরিকল্পনা নিয়েছে।
- (৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল উত্তরপ্রদেশ এবং উত্তরাখণ্ড সফর করবেন।
- (৪) পরিস্থিতি স্থিতিশীল না হওয়া পর্যন্ত নেপালে ভ্রমণ স্বাগিত রাখার পরামর্শ দিয়েছে সরকার।

\*\*\*\*\*

**New Criminal Law-CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, ভারতীয় ন্যায় সংহিতা, ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা এবং ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম ২০২৩ এই নতুন তিন আইন কার্যকরের ফলে বিচার প্রক্রিয়া দ্রুত ও সহজতর হচ্ছে। আজ আগরতলার হাঁপানিয়া আন্তর্জাতিক মেলা প্রাঙ্গণের কনভেনশন সেন্টারে এই তিন নতুন আইনের পাঁচদিনব্যাপি প্রদর্শনীর উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি বলেন, এই নতুন তিন আইনের প্রয়োগ, তার সুবিধা ইত্যাদি বিষয়ে জনসাধারণকে অবগত করতে রাজ্য পুলিশের উদ্যোগে এই প্রদর্শনীর আয়োজন করা হয়েছে। এই তিন আইনের ফলে নাগরিকদের পুলিশের কাছে বিভিন্ন অভিযোগ লিপিবদ্ধ করা সহজ হচ্ছে। মুখ্যমন্ত্রী বলেন, এই সব আইনে মহিলা ও ১৫ বছরের নিচে শিশুদের ক্ষেত্রেও পুলিশি

ব্যবস্থা সহজ সরল করা হয়েছে। তদন্ত কাজে আধুনিক প্রযুক্তির ব্যবহার ও নমুনা সংরক্ষণের উপর গুরুত্ব দেওয়া হয়েছে। এই তিন আইন প্রয়োগে ত্রিপুরা দেশে প্রথম সারির রাজ্যগুলোর মধ্যে অন্যতম বলে উল্লেখ করেন মুখ্যমন্ত্রী।

#####Byte-CM#####

অনুষ্ঠানে মুখ্যসচিব জে কে সিনহা বলেন, এই তিন আইন প্রয়োগে রাজ্য সরকার গুরুত্বের সঙ্গে উদ্যোগ নিয়েছে। অনুষ্ঠানে রাজ্য পুলিশ মহানির্দেশক অনুরাগ এই নতুন তিনটি আইনের বিস্তারিত ব্যাখ্যা দেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক মিনারাগী সরকার, স্বরাষ্ট্রসচিব অভিষেক সিং প্রমুখ।

\*\*\*\*\*

#### **Agriculture Minister :**

কৃষিমন্ত্রী রতনলাল নাথ জানিয়েছেন, রাজ্য সরকার আগর চাষকে “কৃষি-বনায়নের” অন্তর্ভুক্ত করার পরিকল্পনা নিয়েছে। এর পাশাপাশি আগর নার্সারি গড়ে তুলে কৃষকদের বিনামূল্যে চারা বিতরণের সিদ্ধান্তও নেওয়া হয়েছে। আজ অল ত্রিপুরা আগর উড অ্যাসোসিয়েশনের এক প্রতিনিধি দলের সঙ্গে বৈঠকে তিনি একথা জানান। তিনি বলেন, আগরকে কৃষি-বনায়নের অন্তর্ভুক্ত করলে রাজ্যে জি.এস.টি সংগ্রহ ও বৃদ্ধি হবে। গত বছর উত্তর জেলার কদমতলায় আগর চাষের ফলে রাজ্য সরকার বিপুল পরিমাণে জি.এস.টি রাজস্ব পেয়েছে। তিনি জানান, রাজ্যের আগরের জি.আই ট্যাগ করার জন্য ইতিমধ্যে সরকারের পক্ষ থেকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে আবেদন জানানো হয়েছে।

\*\*\*\*\*

#### **Sushanta Choudhary :**

পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরীর পৌরোহিত্যে আজ জিরানীয়া মহকুমা শাসক অফিসের সভাকক্ষে আসন্ন শারদোৎসব সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে

নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ পরিষেবা বজায় রাখা, রাস্তাঘাটের দ্রুত সংস্কার, পানীয় জল সরবরাহ, আপৎকালীন পরিস্থিতিতে অগ্নিনির্বাপক ব্যবস্থা সহ বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়। শ্রী চৌধুরী জিরানীয়া নগর পঞ্চায়েত, রানীরবাজার পুর-পরিষদ, জিরানীয়া ব্লকের অন্তর্গত বিভিন্ন পঞ্চায়েত ও ভিলেজ কমিটি এলাকায় বিভিন্ন দপ্তরের চলমান কাজের দ্রুত বাস্তবায়ন, অগ্রগতি ও সমস্যা সম্পর্কে অবগত হন। তিনি বিভিন্ন প্রকল্প ও যোজনার কাজগুলির অতিদ্রুত বাস্তবায়নের জন্য বৈঠকে উপস্থিত আধিকারিকদের নির্দেশ দেন।

\*\*\*\*\*

#### **Bikash Debbarma PG Ration Card :**

জনজাতি কল্যানমন্ত্রী মন্ত্রী বিকাশ দেববর্মা আজ তেলিয়ামুড়ার মধ্য কৃষ্ণপুর গ্রাম পঞ্চায়েতের বালুছড়া এলাকার সুবিধাভোগীদের হাতে ২৯টি অন্তোদয় রেশন কার্ড তুলে দিয়েছেন। এই উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে তিনি বলেন, দারিদ্র সীমার নীচে বসবাসকারীদের চিহ্নিত করে তাদের রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন প্রকল্পের সুযোগ সুবিধা পৌঁছে দিতে রাজ্য সরকার অগ্রাধিকারের ভিত্তিতে কাজ করছে সরকার।

\*\*\*\*\*

#### **World Suicide Prevention Day :**

"Changing the narrative on suicide"-এই ভাবনাকে সামনে রেখে সারা বিশ্বের সঙ্গে আজ রাজ্যেও পালিত হল বিশ্ব আত্মহত্যা প্রতিরোধ দিবস। এই উপলক্ষ্যে আজ সকালে ইন্ডিয়ান সাইক্রিয়াটিক সোসাইটি ত্রিপুরা রাজ্য শাখার উদ্যোগে আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবন প্রাঙ্গণ থেকে এক সচেতনতামূলক রেলির আয়োজন করা হয়। যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের মন্ত্রী টিংকু রায় রেলির সূচনা করেন। তিনি বলেন, আত্ম হত্যার মূল কারণের মধ্যে রয়েছে অতিরিক্ত চাপ থেকে অবসাদ ও মেয়েদের বাল্যবিবাহ। সন্তানদের উপর প্রত্যাশার অত্যধিক চাপ কমাতে তিনি অভিভাবকদের প্রতি আহ্বান জানান। রেলিতে উপস্থিত ছিলেন আগরতলা

সরকারি মেডিক্যাল কলেজের অধ্যক্ষ অধ্যাপক ডক্টর অনুপ কুমার সাহা, জিবি হাসপাতালের মেডিক্যাল সুপার ডক্টর শংকর চক্রবর্তী, ইন্ডিয়ান সাইক্রিয়াটিক সোসাইটি ত্রিপুরা রাজ্য শাখার সভাপতি ডক্টর দীপায়ন সরকার, সাধারণ সম্পাদক ডক্টর উদয়ন মজুমদার সহ সোসাইটির অন্যান্য সদস্যরা।

\*\*\*\*\*

#### **Award :**

রাজ্যের ছেলে রাধা বিনোদ শর্মা পেলেন লন্ডন অ্যাওয়ার্ড অব এক্সেলেন্স ২০২৫'। ভারতীয় শিল্পকলার বিকাশ ও সংরক্ষণে অসামান্য অবদানের জন্য আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন শিল্প-সংগঠক ও কিউরেটর শ্রী শর্মা এই পুরস্কার পেয়েছেন। পুরস্কারটি প্রদান করেছে ইউনাইটেড নেশনস গ্লোবাল পিস কাউন্সিল (UNGPC)। ঐতিহাসিক হাউস অব লর্ডসে অনুষ্ঠিত অনুষ্ঠানে তাঁর হাতে সম্মাননা তুলে দেন লর্ড রামি রেঙ্গার, ড. কৃষ্ণা পুজারা এবং ড. বরখা শর্মা। পুরস্কার বিতরণ অনুষ্ঠানে বক্তব্য রাখেন শ্রী শর্মা।

#####Byte-R Sharma#####

\*\*\*\*\*

#### **Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#####Sound Byte#####

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং টুইটার ও ফেসবুক প্ল্যাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন টুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

\*\*\*\*\*

#### **PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল উত্তরপ্রদেশ এবং উত্তরাখণ্ড সফর করবেন। সফরকালে, শ্রী মোদী আগামীকাল বারাণসীতে মরিশাসের প্রধানমন্ত্রী ডঃ নবীনচন্দ্র রামগুলামের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করবেন। আলোচনায় উভয় নেতা সহযোগিতার সম্পূর্ণ পরিসর পর্যালোচনা করবেন, বিশেষ করে তাঁরা উন্নয়ন অংশীদারিত্ব এবং সক্ষমতা বৃদ্ধির উপর জোর দেবেন বলে মনে করা হচ্ছে।

সন্ধ্যার পরে, প্রধানমন্ত্রী দেরাদুন যাবেন এবং উত্তরাখণ্ডের বন্যা কবলিত এলাকাগুলি আকাশপথে পরিদর্শন করবেন। তিনি কর্মকর্তাদের সঙ্গে একটি উচ্চ পর্যায়ের পর্যালোচনা বৈঠকেও সভাপতিত্ব করবেন।

\*\*\*\*\*

#### **Package Story-GST REFORM :**

স্বাধীনতা দিবসের ভাষণে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দ্বিতীয় প্রজন্মের জিএসটি সংস্কারের ঘোষণা করেছিলেন। চলতি মাসের ৩ তারিখে জিএসটি বা পণ্য ও পরিষেবা কর পরিষদ সাধারণ মানুষের কথা ভেবে কর হার যুক্তিসঙ্গত করে অনুমোদন প্রদানের মাধ্যমে প্রধানমন্ত্রীর ভাবনা বাস্তবায়নে উদ্যোগী হয়েছে। এই সংস্কারগুলি মানুষের নিত্যদিনের জীবনযাপনকে সহজতর করবে বলে বিভিন্ন স্তরে মানুষের প্রতিক্রিয়ায় উঠে আসছে। একটি প্রতিবেদন।

#####VC#####

\*\*\*\*\*

#### **Pannel Discussion :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জন্মদিন উদযাপনের অঙ্গ হিসেবে আসন্ন সেবা সপ্তাহে আকাশবাণী আগরতলার সংবাদ বিভাগ আজ থেকে বিভিন্ন বিষয়ে বিশেষ প্যানেল আলোচনার অনুষ্ঠান প্রচার করতে চলেছে। আজ শুনবেন 'সাহসী সংস্কারের মাধ্যমে অর্থনৈতিক সমৃদ্ধি নিশ্চিত করা' শীর্ষক প্যানেল আলোচনা। অনুষ্ঠান প্রচারিত হবে রাত ৯টা বেজে ১৫ মিনিট থেকে।

\*\*\*\*\*

### **Defer travel to Nepal :**

পরিস্থিতি স্থিতিশীল না হওয়া পর্যন্ত নেপালে ভ্রমণ স্থগিত রাখার পরামর্শ দিয়েছে সরকার। এক পরামর্শে, সরকার বর্তমানে নেপালে বসবাসকারী ভারতীয় নাগরিকদের তাদের বর্তমান আবাসস্থলে আশ্রয় নিতে, রাস্তায় বের না হতে এবং সমস্ত সতর্কতা অবলম্বন করার পরামর্শ দিয়েছে।

নেপাল কর্তৃপক্ষ এবং কাঠমান্ডুতে অবস্থিত ভারতীয় দূতাবাসের স্থানীয় নিরাপত্তা পরামর্শ অনুসরণ করার পরামর্শও দেওয়া হয়েছে। যেকোনো সহায়তার প্রয়োজনে, সরকার কাঠমান্ডুতে অবস্থিত ভারতীয় দূতাবাসের +৯৭৭ - ৯৮০ ৮৬০ ২৮৮১ এবং +৯৭৭ - ৯৮১ ০৩২ ৬১৩৪ হেল্পলাইন নম্বরও চালু করেছে।

এদিকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সভাপতিত্বে নেপালের পরিস্থিতি নিয়ে নিরাপত্তা সংক্রান্ত মন্ত্রিসভার কমিটির বৈঠক হয়। সামাজিক মাধ্যমে প্রধানমন্ত্রী বলেছেন, নেপালের সহিংসতা হৃদয়বিদারক।

নেপালে তরুণদের প্রাণহানির ঘটনায় শোক প্রকাশ করে প্রধানমন্ত্রী মোদী বলেন যে নেপালের স্থিতিশীলতা, শান্তি এবং সমৃদ্ধি অত্যন্ত গুরুত্বপূর্ণ। শ্রী মোদী নেপালের নাগরিকদের প্রতি শান্তিকে সমর্থন করার জন্যও আবেদন করেছেন।

সরকারবিরোধী বিক্ষোভের মধ্যে নেপালের রাজধানীর বিমানবন্দর সাময়িকভাবে বন্ধ করে দেওয়া হয়েছে, যার ফলে গতকাল এয়ার ইন্ডিয়া এবং ইন্ডিগো কাঠমান্ডুতে যাতায়াতকারী উড়ান বাতিল করেছে।

নেপাল এয়ারলাইন্সও গতকাল দিল্লি থেকে কাঠমান্ডুগামী তাদের ফ্লাইট বাতিল করেছে। এয়ার ইন্ডিয়া এবং স্পাইসজেটও নেপালে আজকের উড়ান বাতিল করেছে। ইন্ডিগো জানিয়েছে যে বর্তমান পরিস্থিতি এবং কাঠমান্ডু বিমানবন্দর বন্ধ থাকার কারণে, কাঠমান্ডুতে যাতায়াতকারী সমস্ত উড়ান আজ রাত ১২টা পর্যন্ত বাতিল করা হয়েছে।

\*\*\*\*\*

#### **MLA Bhagaban Das :**

ত্রিপুরা রাজ্য বিজ্ঞান ও প্রযুক্তি পর্ষদের উদ্যোগে ও মহারাষ্ট্রের মহাত্মা গান্ধী ইনস্টিটিউশন অফ রুরাল ইন্ডাস্ট্রিলাইজেশন এর সহযোগিতায় আজ থেকে কুমারঘাটে তিনদিনের দক্ষতা বিকাশ বিষয়ক প্রশিক্ষণ কর্মসূচি শুরু হয়েছে। আজ কুমারঘাটের পঞ্চায়েতীরাজ ট্রেনিং ইনস্টিটিউটে এই কর্মসূচির উদ্বোধন করেন বিধায়ক ভগবান চন্দ্র দাস। অনুষ্ঠানে বক্তব্য রাখেন, ঊনকোটী জিলা পরিষদের সভাপতি অমলেন্দু দাশ, অতিরিক্ত জেলা শাসক অর্ঘ্য সাহা, বিজ্ঞানী উমা খেরে প্রমুখ। স্ব-সহায়ক দলের ৫০ জন মহিলা এই প্রশিক্ষণ কর্মসূচিতে অংশ নিয়েছেন।

\*\*\*\*\*

#### **National Lok Adalat :**

আগামী ১৩ই সেপ্টেম্বর রাজ্যে বসছে এবছরের তৃতীয় জাতীয় লোক আদালত। ত্রিপুরা হাইকোর্ট ছাড়াও রাজ্যের সব জেলা এবং মহকুমা আদালত চত্বরে এই লোক আদালত বসবে। আজ রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের সদস্য সচিব কুমা দত্ত চৌধুরী জানান, মোট ৩৯টি বেঞ্চে ৩১,৭৮৯টি মামলা নিষ্পত্তির জন্য তোলা হবে। এরমধ্যে আদালতে জমে থাকা ২৪ হাজার ১৩টি মামলা এবং মামলা পূর্ব বিরোধ সংক্রান্ত ৬,৭৭৬টি মামলা রয়েছে। শ্রীমতি চৌধুরী আরও জানান, ত্রিপুরা হাইকোর্টে একটি বেঞ্চে ২৪টি মামলা নিষ্পত্তির জন্য তোলা হবে।

\*\*\*\*\*

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের ধলাই, উনকোটী ও খোয়াই জেলাতে ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬.৮ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*